রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, আগস্ট ১৯, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিকল্পনা কমিশন**

**ভৌত অবকাঠামো বিভাগ**

**সড়ক পরিবহন উইং**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩২ ব./১২ আগস্ট ২০২৫ খ্রি.

নং **২০.০৩.০০০০.৭০২.১৪.০০৫.২৫-৯৮**—পরিকল্পনা মন্ত্রণালয়ের এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগের ১২ মে, ২০০৩ এবং ১৪ মে, ২০০৩ সালের প্রজ্ঞাপন অনুযায়ী সরকার কর্তৃক বর্ণিত সড়কের সংজ্ঞা ও শ্রেণিবিন্যাসের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ (সওজ) অধিদপ্তর এবং স্থানীয় সরকার বিভাগের আওতাধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) ও স্থানীয় সরকার প্রতিষ্ঠান (এলজিআই) কর্তৃক দাবীকৃত সংশ্লিষ্ট সড়কসমূহের মালিকানা ও দায়-দায়িত্ব নির্ধারণকরতঃ বিদ্যমান বিরোধ বা মতপার্থক্যের নিষ্পত্তি, সড়কের শ্রেণি/মান উন্নয়নের প্রস্তাব বিবেচনা, এক সংস্থার দায়িত্বাধীন সড়কের অন্য সংস্থার হস্তক্ষেপ এবং/অথবা সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে আনীত অভিযোগ বিবেচনা করে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটির ১৩ মার্চ ২০২৫ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সওজ অধিদপ্তরের কিশোরগঞ্জ ও ময়মনসিংহ সড়ক বিভাগের ১টি সড়ক আঞ্চলিক মহাসড়ক হতে জাতীয় মহাসড়ক মানে এবং নড়াইল, বগুড়া, জয়পুরহাট, বাগেরহাট, কুমিল্লা, চাঁদপুর ও লক্ষ্মীপুর সড়ক বিভাগের মোট ৪টি সড়ক জেলা মহাসড়ক হতে আঞ্চলিক মহাসড়ক মানে উন্নীতকরণের [সংযোজনী-ক] সুপারিশ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়।

০২। অনুমোদিত তালিকাটি পূর্বে জারীকৃত সওজ অধিদপ্তর এর সড়কের তালিকাসমূহের সাথে যুক্ত অথবা সংশোধিত তালিকা দ্বারা প্রতিস্থাপিত হবে। বিষয়টি গেজেটে প্রকাশের তারিখ হতে কার্যকর বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ শামীম কিবরিয়া**
সিনিয়র সহকারী প্রধান।



**মূল্য :** টাকা ৪.০০

**সড়ক ও জনপথ অধিদপ্তরের নিম্নলিখিত সড়কের শ্রেণি পরিবর্তন:** **সংযোজনী-ক**

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও দৈর্ঘ্য | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | ময়মনসিংহ ও কিশোরগঞ্জ | ময়মনসিংহ (রঘুরামপুর)-কিশোরগঞ্জ (বটতলী)-ভৈরব (বাজার) আঞ্চলিক মহাসড়ক (আর-৩৬০) [ দৈর্ঘ্য ১১৬.৩৮৫ (একশত ষোল দশমিক তিন আট পাঁচ) কিলোমিটার] | ময়মনসিংহ (রঘুরামপুর)-কিশোরগঞ্জ (বটতলী) - ভৈরব (বাজার) (আর-৩৬০) যার দৈর্ঘ্য ১১৬.৩৮৫ (একশত ষোল দশমিক তিন আট পাঁচ) কিলোমিটার আঞ্চলিক মহাসড়কটি "জাতীয় মহাসড়ক" শ্রেণিতে উন্নীত করার সুপারিশ করা হলো। |
| ২. | নড়াইল | নড়াইল-ফুলতলা (জেড-৭০৩০) জেলা মহাসড়ক [দৈর্ঘ্য ২৭.০০ (সাতাশ দশমিক শূন্য শূন্য) কিলোমিটার] | নড়াইল-ফুলতলা (জেড-৭০৩০) যার দৈর্ঘ্য ২৭.০০ (সাতাশ দশমিক শূন্য শূন্য) কিলোমিটার জেলা মহাসড়কটি "আঞ্চলিক মহাসড়ক" শ্রেণিতে উন্নীত করার সুপারিশ করা হলো। |
| ৩. | বগুড়া ও জয়পুরহাট | বগুড়া (ঝোঁপগাড়ী)-ক্ষেতলাল সড়কের (জেড-৫০৩৯) ৩৪.৮০ কিঃ মিঃ, ইটাখোলা-ক্ষেতলাল (জেড-৫৫০৮) সড়কাংশের ১.৫০ কিঃ মিঃ, ক্ষেতলাল-বটতলী (জেড-৫৫০১) সড়কাংশের ৪.০০ কিঃ মিঃ ও বটতলী-জয়পুরহাট (আর-৫৫০) সড়কাংশের ৮.০০ কিঃ মিঃ [দৈর্ঘ্য ৪৮.৩০ (আটচল্লিশ দশমিক তিন শূন্য) কিলোমিটার] | বগুড়া (ঝোঁপগাড়ী)- ক্ষেতলাল সড়কের (জেড-৫০৩৯) ৩৪.৮০ কিঃ মিঃ, ইটাখোলা-ক্ষেতলাল (জেড-৫৫০৮) সড়কাংশের ১.৫০ কিঃ মিঃ, ক্ষেতলাল-বটতলী (জেড-৫৫০১) সড়কাংশের ৪.০০ কিঃ মিঃ ও বটতলী-জয়পুরহাট (আর-৫৫০) সড়কাংশের ৮.০০ কিঃ মিঃ সহ মোট দৈর্ঘ্য ৪৮.৩০ (আটচল্লিশ দশমিক তিন শূন্য) কিলোমিটার সড়ক একত্রে "বগুড়া (ঝোঁপগাড়ী)-ক্ষেতলাল-বটতলী-জয়পুরহাট সড়ক" নামে যার দৈর্ঘ্য ৪৮.৩০ (আটচল্লিশ দশমিক তিন শূন্য) কিলোমিটার "আঞ্চলিক মহাসড়ক" শ্রেণিতে উন্নীত করার সুপারিশ করা হলো। |
| ৪. | বাগেরহাট | বাগেরহাট-চিতলমারী-পাটগাতী (টুঙ্গিপাড়া) জেলা মহাসড়ক [মোট দৈর্ঘ্য ৩৮.৩০ (আটত্রিশ দশমিক তিন শূন্য) কিলোমিটার] | বাগেরহাট-চিতলমারী (জেড-৭৭০৮) (দৈর্ঘ্য ২৪.৫০ কিঃ মিঃ) ও চিতলমারী-পাটগাতী (টুঙ্গিপাড়া) (জেড-৭০৫৪) (দৈর্ঘ্য ১৩.৮০ কিঃ মিঃ) জেলা মহাসড়ক দু'টি একত্রে "বাগেরহাট-চিতলমারী-পাটগাতী (টুঙ্গিপাড়া) সড়ক" নামে যার দৈর্ঘ্য ৩৮.৩০ (আটত্রিশ দশমিক তিন শূন্য) কিলোমিটার "আঞ্চলিক মহাসড়ক" শ্রেণিতে উন্নীত করার সুপারিশ করা হলো। |

| ক্রঃ নং | জেলার নাম | প্রস্তাবিত সড়কের নাম ও দৈর্ঘ্য | স্ট্যান্ডিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৫. | কুমিল্লা, চাঁদপুর ও লক্ষ্মীপুর | গৌরীপুর-কচুয়া-হাজীগঞ্জ (জেড-১০৪৪) জেলা মহাসড়ক [দৈর্ঘ্য ৪২.০০ (বিয়াল্লিশ দশমিক শূন্য শূন্য) কিলোমিটার], হাজীগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর (জেড-১৪২২) জেলা মহাসড়ক [দৈর্ঘ্য ৩৮.০০ (আটত্রিশ দশমিক শূন্য শূন্য) কিলোমিটার] | গৌরীপুর-কচুয়া-হাজীগঞ্জ (জেড-১০৪৪) (দৈর্ঘ্য ৪২.০০ কিঃ মিঃ) ও হাজীগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর (জেড-১৪২২) (দৈর্ঘ্য ৩৮.০০ কিঃ মিঃ) জেলা মহাসড়ক দু'টি একত্রে "গৌরীপুর-কচুয়া-হাজীগঞ্জ-রামগঞ্জ-লক্ষ্মীপুর সড়ক" নামে যার দৈর্ঘ্য ৮০.০০ (আশি দশমিক শূন্য শূন্য) কিলোমিটার "আঞ্চলিক মহাসড়ক" শ্রেণিতে উন্নীত করার সুপারিশ করা হলো। |

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd